



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ঢাশিৰো/বি/৭৮১/নতুন/ঢাকা/ ২৭৭

তারিখ : ২৬/০৬/২০২২

বিষয় : নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ০৯/০২/২০২২ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.০৬.০১১.১৫(অংশ)-৩৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বিদ্যালয়টি মৌলিক শর্তাবলি পূরণ করায় প্রচলিত সাধারণ শর্তে ০১/০১/২০২২ হতে ৩১/১২/২০২৪ তারিখ পর্যন্ত মোট ০৩ (তিনি) বছরের জন্য নিম্ন মাধ্যমিক পর্যায়ে (৬ষ্ঠ-৮ম শ্রেণি) পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করা হলো।

## শর্তসমূহ

- ১। এই প্রাথমিক অনুমতিকে কোনক্রমেই বিদ্যালয়ের স্বীকৃতি হিসাবে গণ্য করা যাবে না।
- ২। পরিবেশিত যে কোন তথ্য ভুল বা মিথ্যা প্রমাণিত হলে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রত্যাহার করা হবে।
- ৩। পত্র ইস্যুর তারিখ হতে ১ (এক) মাসের মধ্যে প্রবিধাননামালা ২০০৯ এর ৪৮ প্রবিধি অনুযায়ী নির্বাহী কমিটি গঠন করতে হবে।
- ৪। পাঠদানের প্রাথমিক অনুমতির মেয়াদ উত্তীর্ণের অত্ততঃ ৪ (চার) মাস পূর্বে একাডেমিক স্বীকৃতির জন্য আবেদন করতে হবে।
- ৫। বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি-এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল হয়ে যাবে।
- ৬। নিয়োগকৃত শিক্ষক-কর্মচারী তথা জনবলের বেতন-ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
- ৭। ব্যক্তিনামে প্রতিষ্ঠানের নামকরণের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের ১০/০৪/২০২১ তারিখের প্রজ্ঞাপনের আলোকে নিম্ন মাধ্যমিক স্তরের জন্য ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা যৌথভাবে (সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক/ম্যানেজিং কমিটির সভাপতি এবং জেলা শিক্ষা অফিসার) শিক্ষা প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমাদানের প্রমাণক দাখিল করতে হবে, যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কাজে ব্যয় করা যাবে।
- ৮। আগামী ৬ (ছয়) মাসের মধ্যে বোর্ডের পরামর্শক্রমে নিজস্ব ওয়েবসাইট ও কনফেটে ডেভেলপ করে বোর্ডকে অবহিত করতে হবে।
- ৯। সরকারি নীতিমালা অনুযায়ী (নিবন্ধনকৃত) শিক্ষক নিয়োগ করতে হবে এবং প্যাটার্ন বহির্ভূত কোন শিক্ষক নিয়োগ করা যাবে না।
- ১০। বিদ্যালয়ের শিক্ষারমান উন্নীত করার জন্য শিক্ষকগণকে পাঠভিত্তিক পাঠপরিকল্পনা গ্রহণ করে শ্রেণিকক্ষে পাঠদান করতে হবে।
- ১১। বিদ্যালয়ের লেখাপড়ার পাশাপাশি সহ-পাঠক্রমিক কার্যক্রম (বার্ষিক ক্লাসিফিকেশন, সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক অনুষ্ঠান, গাইডিং ইত্যাদি) পরিচালনা করতে হবে।
- ১২। বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী সংখ্যা বাড়াতে হবে, শ্রেণির শিক্ষা সরঞ্জাম ও বসার ব্যবস্থা আরো উন্নতমানের করতে হবে।
- ১৩। বিদ্যালয়ের চারিদিকে মূল্যবান আরো অধিক বৃক্ষের চারা রোপন করে সংরক্ষণের ব্যবস্থা করতে হবে।
- ১৪। কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যেকোন সময় এ আদেশ অনুমোদন বাতিল করতে পারে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

ঘৃঃ

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞ্জা  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা।

প্রাপক : প্রধান শিক্ষক

হাজী মহর আলী স্কুল  
পোঃ- ডেইরীফার্ম, উপজেলা- সাভার  
জেলা- ঢাকা।

মেমো নং- ২৭৭(২)

তারিখ : ২৬/০৬/২০২২

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। মহাপরিচালক, বেনবেইস, নীলক্ষেত্র, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, ঢাকা।
- ৫। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, সাভার, ঢাকা।
- ৭। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৯। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ১০। সভাপতি, পরিচালনা কমিটি, হাজী মহর আলী স্কুল।
- ১১। পি.এস.-টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১২। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

২৬/০৬/২০২২